গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ
তারিখ : ২৭.০৭.২০২৬ খ্রি.
সময় : সকাল: ১০.৩০ ঘটিকা
হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি এ অধিদপ্তরে কর্মরত উপপরিচালক (কাবিখা-১) ও উপসচিব জনাব লাবনী চাকমা, যুগ্মসচিব হিসেবে পদোন্নতি পাওয়ায় তাকে সকলের পক্ষ থেকে অভিনন্দন জানান। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ২৪.০৬.২০২৬ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

২ .অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১. গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনাঃ** | | |
| জুন/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজনের প্রস্তাব/সুপারিশ না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। | জুন/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **২. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনাঃ** | | |
| ডি-নথির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সভায় জানান, ডি-নথির সিস্টেমে কিছু সমস্যার কারনে বিভিন্ন শাখার কাজের অগ্রগতি বৃদ্ধি পাচ্ছে না। যেমন: নতুন নথি তৈরি, নথিতে চিঠি initiate করা সম্ভব হচ্ছে না। ওয়েব পোর্টালেও মাঝে মাঝে সমস্যা হয়। সভাপতি এর কারণ জানতে চাইলে তিনি আরো জানান, A2i এ নতুন কর্মকর্তা যোগদান করেছেন। ওনার সাথে-তিনি এ সমস্যার বিষয়ে যোগাযোগ করেছেন। তিনি জানান ডাটাবেজ মাইগ্রেশন এর কিছু কাজ চলছে। কাজ সম্পন্ন হলে সিস্টেমটি কার্যকর হবে বলে তিনি জানান। তবে কবে নাগাদ কার্যক্রম সম্পন্ন হবে সে বিষয়ে তিনি কিছু জানান নি। সভাপতি A2i এর উক্ত কর্মকর্তার সাথে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন)-কে এ বিষয়ে কথা বলার নির্দেশনা প্রদান করেন। | ক) A2i এর কর্মকর্তার সাথে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) এ বিষয়ে কথা বলবেন এবং দ্রুত বর্ণিত সমস্যার সমাধান করবেন। | পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| **৩. বিভিন্ন অভিযোগের তদন্ত সম্পর্কিত আলোচনাঃ** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন অভিযোগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিয়ম মেনে তদন্তের কাজ পরিচালনা করতে বলেন এবং তদন্তকারী কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন দাখিলের সময় প্রমাণক সংযুক্ত করতে হবে, প্রতিবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি স্বাক্ষরের বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ যথাযথ প্রক্রিয়ায় তদন্তের সকল কাজ পরিচালনা করবেন। তদন্তকারী কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করবেন এবং প্রমাণকসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের লিখিত বক্তব্য স্বাক্ষর করে সংযুক্ত করবেন। প্রয়োজনীয় কাগজপত্রাদির জন্য পিএসসি এর সাথে যোগাযোগ করতে হবে। | তদন্তকারী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

CamScanner

## ০৪. বিভাগীয় মামলাঃ

ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১৩/২০২১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সহঃ প্রকৌশলী, মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | একই বিষয়ে এটি মামলা নং- ৩৬৬/২০২১ চলমান থাকায় বিভাগীয় মামলার কার্যক্রম স্থগিত আছে। | বিভাগীয় মামলা মোট ১৩টি তম্মধ্যে ৮নং ক্রমিকের মামলাটি নিস্পত্তি হয়েছে এবং ৩, ৫, ৬, ৭, ১০ ও ১১নং ক্রমিকের মামলাগুলো আদেশের অপেক্ষায়। কোন অভিযোগ পাওয়া গেলে তা নথিতে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |
| ২ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন পিআইও, নিকলী, কিশোরগঞ্জ | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৩ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী পিআইও, দুমকি, পটুয়াখালী | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায়। | | |
| ৪ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী, পিআইও অফিস, চাটমোহর, পাবনা | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৫ | ০৫/২০২৫ | মোঃ জাহাঙ্গীর আলম, পিআইও প্রধান কার্যালয়ে সংযুক্ত | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | পিএসসি এর মতামত পাওয়া গেছে। আদেশের অপেক্ষায়। | | |
| ৬ | ৬/২০২৫ | মোঃ সোহেল রহমান, পিআইও, চিলমারী, কুড়িগ্রাম | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায়। | | |
| ৭ | ৭/২০২৫ | মোঃ জাহাঙ্গীর হোসেন পিআইও, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ (সাবেক শিবপুর, নরসিংদী) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায়। | | |
| ৮ | ৮/২০২৫ | জনাব মোঃ মনসুর রহমান, পিআইও, বোয়ালিয়া, রাজশাহী (সাবেক গাংনী, মেহেরপুর | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | যথাযথ প্রক্রিয়ায় মামলা নিস্পত্তি করা হয়েছে। | | |
| ৯ | ১০/২০২৫ | শেখ সাদী, অফিস সহকারী, পিআইও অফিস, মধুখালী, ফরিদপুর | অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, স্বাক্ষরের অপেক্ষায় আছে | মামলা দায়ের প্রক্রিয়াধীন | | |
| ১০ | ১/২০২৬ | জনাব এস.এম. এ করিম, পিআইও, রামগড়, খাগড়াছড়ি (সাবেক কুতুবদিয়া, কক্সবাজার) | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব পাওয়া গিয়েছে। | ব্যক্তিগত শুনানি হয়েছে। আদেশের অপেক্ষায়। | | |
| ১১ | ২/২০২৬ | জনাব আবুদুল্লাহ হেল-আল-মাসুম, পিআইও, রাজস্থলী, রাংগামাটি (সাবেক শৈলকুপা, ঝিনাইদহ) | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব পাওয়া গিয়েছে। | ব্যক্তিগত শুনানি হয়েছে। আদেশের অপেক্ষায়। | | |
| ১২ | ৩/২০২৬ | শেখ ফরিদ, উচ্চমান সহকারী, ডিআরআরও অফিস, লালমনিরহাট | অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, স্বাক্ষরের অপেক্ষায় আছে | অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়েছে। জবাব পাওয়া যায়নি। | | |
| ১৩ | ৪/২০২৬ | জনাব নুরুন্নবী সরকার, পিআইও, রাণীশংকৈল, ঠাকুরগাঁও (সাবেক শাল্লা, সুনামগঞ্জ) | মামলা দায়ের করা হয়েছে। | অভিযোগ বিবরণীর জবাব পাওয়া গেছে। ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন। শুনানীর দিন ধার্য করার অপেক্ষায়। | | |

খ. মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

| | | |
|---|---|---|
| **৫. বিভিন্ন আদালতে চলমান মামলাঃ** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপপরিচালক (আইন সেল) সভায় জানান যে, বর্তমানে ১৮৮টি মামলা চলমান রয়েছে। তন্মধ্যে রিট পিটিশন ১২৪টি, সিপিএলএ ২৩টি, সিএ ০৫টি, কনটেম্পট পিটিশন ১৩টি, প্রশাসনিক ট্রাইব্যুনাল ১২টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ১১টি মোট ১৮৮টি।<br>স্মার্ট কেস ম্যানেজমেন্ট এ পর্যন্ত মোট ১৬৯টি মামলা এন্টি হয়েছে। তন্মধ্যে রিট পিটিশন ১১৪টি, সিপিএলএ ২৬টি, প্রশাসনিক ট্রাইব্যুনাল ২৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ০৬টি মোট ১৬৯টি।<br>আইনজীবীদের নিকট এ পর্যন্ত ১২৩টি মামলা দেয়া হয়েছে। তন্মধ্যে জনাব সাজ্জেদ আহম্মাদ সামীহ ৬১টি, জনাব ড. আহমদুজ্জামান ৬২টি।<br>২০২৫-২০২৬ অর্থ বছরে মোট ১২টি মামলা নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে রিট পিটিশন ০৩টি, প্রশাসনিক ট্রাইব্যুনাল ০৬টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ০২টি, কনটেম্পট পিটিশন ০১টি মোট ১২টি।<br>এছাড়াও সভাপতি সভায় জানান, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর কাছাকাছি গাজীপুরের দোসাইল মৌজা নিয়ে মামলা রয়েছে। ঐ মামলার তথ্য সংগ্রহ করা প্রয়োজন। | (ক) সকল মামলার তথ্য স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে upload করতে হবে।<br>(খ) প্যানেল আইনজীবীগণের নিকট হতে প্রতি মাসে মামলার হালনাগাদ তথ্য জানতে হবে এবং মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) প্যানেল আইনজীবীগণের সাথে নিয়মিত সভা করতে হবে।<br>(ঘ) সঠিক সময়ে মামলার জবাব দিতে হবে।<br>(ঙ) অবশিষ্ট ৬৫টি মামলা আইনজীবীকে পর্যায়ক্রমে হস্তান্তরের ব্যবস্থা নিতে হবে।<br>(ছ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর কাছাকাছি গাজীপুরের দোসাইল মৌজার ভূমি সংক্রান্ত মামলার তথ্য সংগ্রহ করতে হবে। | উপপরিচালক (আইন)/ সহকারী পরিচালক (আইন) |
| **৬. বাজেট সংক্রান্ত আলোচনাঃ** | | |
| সভাপতি সভায় জানান যে, প্রতি বছর নভেম্বর মাসে রিভাইজ বাজেট এর মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। এই সভায় পূর্ববর্তী অর্থবছরের আয় ও ব্যয় এর হিসাব মূল্যায়ন করা হয় এবং মূল্যায়নকৃত রিপোর্ট মার্চ/এপ্রিল মাসের দিকে অনুমোদন হয়। এর ভিত্তিতে পরবর্তী অর্থবছরে বাজেট বরাদ্দ প্রদান করা হয়। তিনি সভায় আরো জানান, নভেম্বর মাসের মধ্যে সংশ্লিষ্ট শাখা থেকে Maximum কাজ আইবাস করতে পারলে সমস্যার সম্মুখীন হতে হবে না। ইতোমধ্যে সকল শাখায় বাজেট বরাদ্দ পাঠানো হয়েছে এবং এপিপি ও চাওয়া হয়েছে। বছরের শুরুতেই যদি সকল শাখা হতে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা যায় তবে কোন সমস্যার সম্মুখীন হবে না। | (১) ২০২৬-২৭ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে বাজেট শাখায় দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম সম্পন্ন করে আইবাস করতে হবে এবং বাজেট খরচ করতে হবে। | পরিচালক ও উপপরিচালক (সংশ্লিষ্ট সকল) |
| **৭. অডিট আপত্তি নিষ্পত্তিঃ** | | |
| ক) সভাপতি সভায় জানান যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে সকল জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের নিয়ে অডিট বিষয়ে একটি সভা করতে হবে যাতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অডিট ফেস করতে কোন সমস্যার সম্মুখীন হতে না হয়।<br>খ) উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় জানান যে, অডিটের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রকল্প বাদে কেবল রাজস্ব খাতে ১৯৮৩-১৯৮৪ থেকে ২০২৩-২০২৪ পর্যন্ত প্রধান কার্যালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তি ১৩৬টি। যার মধ্যে ১২৩ টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১৩ টি আপত্তির ব্রডশিট জবাব মন্ত্রণালয়ের প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট শাখাসমূহের সাথে যোগাযোগ অব্যাহত আছে এবং দৈনন্দিন প্রাপ্ত অডিটের ব্রডশীট জবাব যাচাইপূর্বক কর্তৃপক্ষের নিকট প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>গ) জেলা/ উপজেলা হতে প্রাপ্ত মোট ব্রডশীট জবাব ৯৭টি, নিষ্পত্তির জন্য পূর্বের পেডিংসহ ৬০টি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, ৩৪টি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান এবং ০৩টি আপত্তি জেলা/উপজেলায় ফেরত দেয়া হয়েছে মর্মে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় উল্লেখ করেন। | ক) পরিচালক (প্রশাসন/ত্রাণ) সহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে আগস্ট মাসের মধ্যে অভ্যন্তরীন অডিট বিষয়ে সভা আয়োজন করবেন।<br>খ) অডিট আপত্তির ব্রডশীট জবাবের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>গ) সামাজিক নিরাপত্তার অডিট আপত্তি বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (বাজেট/হিসাব) |



CS CamScanner

| | | |
|---|---|---|
| **৮. সামাজিক নিরাপত্তা কর্মসূচিঃ** | | |
| **i)** কাবিখা/ কাবিটাঃ পরিচালক (কাবিখা) সভাকে জানান যে, ২০২৬-২০২৭ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) প্রকল্পের আওতায় দেশের ০৩টি জেলায় ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকা ও ৫২৫.০০ (পাঁচশত পঁচিশ) মে. টন চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। <br> **ii)** টিআর কর্মসূচিঃ ২০২৬-২০২৭ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। <br> **iii)** খাল খনন কর্মসূচিঃ পরিচালক (কাবিখা) সভায় জানান যে, খাল খনন কর্মসূচি দ্রুত গতিতে এগিয়ে চলছে, অধিদপ্তরে এ কর্মসূচির কোন কাজ পেন্ডিং নেই। ২০২৫-২০২৬ অর্থ বছরে খাল খনন সরকারের বিশেষ অগ্রাধিকার কর্মসূচি হিসেবে ৬২টি জেলার ২৪২টি উপজেলায় ৩৮৩টি প্রকল্পের বিপরীতে ১৫০০.০০ (একহাজার পাঁচশত) কিলোমিটার খাল খননের কাজ বাস্তবায়ন করবে। আগামী ০৪ (চার) বছরে ৭,০০০ (সাত হাজার) কিলোমিটার খালখনন কাজ বাস্তবায়ন করা হবে। এ পর্যন্ত ৯৯২.৯৮২ কি:মি: দৈর্ঘ্য খাল খনন কাজ সম্পাদন করা হয়েছে। কাজের অগ্রগতি প্রায় ৮১.১৩%। <br> **iv)** তিনি সভায় জানান, ইতোপূর্বে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সভাপতিত্বে বৃক্ষরোপন নিয়ে ০১টি সভা করা হয়েছিল। বর্ণিত সভায় বৃক্ষরোপন নিয়ে গৃহীত সিদ্ধান্ত/পদক্ষেপসমূহ/বাজেট দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করেন। এই অর্থ কোন কোড থেকে বরাদ্দ দেয়া হবে এবং অন্যান্য সমস্যা যদি থাকে তা আগেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া কোন প্রকল্পের আওতায় কতটি বৃক্ষরোপন করতে হবে তা সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করতে হবে। | সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বিশেষ অগ্রাধিকার কর্মসূচি হিসেবে খাল খনন ও বৃক্ষ রোপন প্রকল্পের কাজ গুরুত্বসহকারে দ্রুততার সাথে অগ্রাধিকারভিত্তিতে বাস্তবায়ন/সম্পাদন করতে হবে। | পরিচালক (কাবিখা) / উপপরিচালক (কাবিখা -১,২ ও ৩) |
| **৯. ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচিঃ** | | |
| (১) পরিচালক (ভিজিডি) সভায় জানান যে, প্রতি বছর ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহায় মানবিক সহায়তা কর্মসূচির অংশ হিসাবে সারাদেশে দুঃস্থ/অতিদরিদ্রদের মাঝে উপকারভোগীর সংখ্যা অপরিবর্তীত রেখে VGF চালের বরাদ্দ ১০ কেজি হতে ২০ কেজিতে উন্নীত করার বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি সভায় আরো জানান, VGF চাল বহনে বস্তার জন্য বরাদ্দ প্রয়োজন। এ ক্ষেত্রে খাদ্য মন্ত্রণালয় এ প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। <br><br> (২) এছাড়াও মাঠ পর্যায়ে ভিজিএফ খাদ্যশস্য বিতরণ কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা, স্বচ্ছতা নিশ্চিত এবং এ কর্মসূচি অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে ভিজিএফ খাদ্যশস্য পরিবহণ ব্যয় এবং আনুসংগিক ব্যয় প্রদান করা আবশ্যক। এ বিষয়ে ৬৪টি জেলায় পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ৫৬টি জেলা হতে চাহিদা পত্র পাওয়া গিয়েছে এবং স্টিমেট আকারে তোলা হয়েছে। অবশিষ্ট ০৮টি জেলা হতে দ্রুত চাহিদা পত্র প্রেরণের জন্য টেলিফোনের মাধ্যমে পরিচালক (ভিজিডি) এর সাথে যোগাযোগ হয়েছে মর্মে সভায় জানান। <br> এ বিষয়ে সভাপতি হাওর/সমতল/পার্বত্য এলাকা বিবেচনায় নিয়ে এবং স্থানীয় খাদ্য গুদাম হতে ইউনিয়নের দূরত্ব বিবেচনায় নিয়ে পরিবহণ ব্যয় নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। <br> (৩) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ৬২টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছর থেকে ২০০৬-২০০৭ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ৭টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছরে মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ ৬৬ হাজার ৫৩৭ টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | মাঠ পর্যায়ে ভিজিএফ খাদ্যশস্য বিতরণ কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা, স্বচ্ছতা নিশ্চিত এবং এ কর্মসূচি অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে ভিজিএফ খাদ্যশস্য পরিবহণ এবং আনুসংগিক ব্যয় প্রদানের আবশ্যকতা এবং যৌক্তিকতা বিবেচনায় হাওর/সমতল/পার্বত্য এলাকা অনুযায়ী পরিবহণ ব্যয়ের খসড়া প্রাক্কলন প্রস্তুতের লক্ষ্যে অবশিষ্ট ০৮টি জেলা হতে প্রয়োজনীয় তথ্য দ্রুত সংগ্রহ করে প্রাক্কলন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। <br> (৩) ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা জোরদার করতে হবে। | পরিচালক (ভিজিডি)/ উপপরিচালক (ভিজিডি) |

| ১০. মূল্যায়ন ও পরিবীক্ষণঃ | | |
|---|---|---|
| ২০২৫–২০২৬ অর্থ বছরের মূল্যায়নের রিপোর্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে কিনা সে বিষয়ে সভাপতি সভায় জানতে চান। সে প্রেক্ষিতে, পরিচালক (মুওপ) সভায় জানান, আগামী ১৫ আগস্ট, ২০২৬ এর মধ্যে মূল্যায়নের রিপোর্ট প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট জেলায় পত্র দেয়া হয়েছে। চূড়ান্ত রিপোর্ট সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। | সংশ্লিষ্ট শাখা চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | পরিচালক (মুওপ) |

| ১১. অব্যবহৃত মালামাল নিষ্পত্তি সংক্রান্তঃ | | |
|---|---|---|
| অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত আইসিটি ও তেজগাঁও সিএসডিস্থ ত্রাণ গুদামের অব্যবহৃত টায়ার ও অন্যান্য মালামাল ইত্যাদি নিলামে বিক্রির বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, পরিচালক (ত্রাণ) এর সভাপতিত্বে একটি সভা করা হয়েছে। দ্রুত আরো একটি সভা করে অব্যবহৃত আইসিটি মালামাল ইত্যাদি নিলামে বিক্রির কার্যক্রম সম্পন্ন করা হবে। | অব্যবহৃত আইসিটি ও তেজগাঁও সিএসডিস্থ ত্রাণ গুদামের অব্যবহৃত টায়ার ও অন্যান্য মালামাল ইত্যাদি নিলামে বিক্রির কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি জোর তাগিদ প্রদান করেন এবং আগামি সভার পূর্বে এর আপডেট জানাতে নির্দেশনা প্রদান করেন। | প্রোগ্রামার |

| ১২. ত্রাণ কার্যক্রমঃ | | |
|---|---|---|
| পরিচালক (ত্রাণ) ত্রাণ অনুবিভাগের নিম্নলিখিত বিষয়ে আলোচনা করেনঃ<br>(ক) ২০২৬-২০২৭ অর্থবছরে ঢেউটিন ক্রয় খাতে ৭৭.৮২ (সাতাত্তর দশমিক আট দুই) কোটি টাকা বরাদ্দ রয়েছে। ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। জুলাই মাসে দেশের বিভিন্ন জেলায় ৮,৪৭৬ বান্ডিল ঢেউটিন বরাদ্দ দেয়া হয়েছে। কেন্দ্রীয় মজুত হিসেবে ১৭,৪৬২ বান্ডিল ঢেউটিন অবশিষ্ট রয়েছে।<br>২০২৬-২০২৭ অর্থবছরে কম্বল ক্রয় খাতে ৫৭.২০ (সাতান্ন দশমিক দুই শূন্য) কোটি টাকা বরাদ্দ রয়েছে। ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। কেন্দ্রীয় মজুত হিসেবে ৫,০৬৮ পিস কম্বল অবশিষ্ট রয়েছে।<br>২০২৬-২০২৭ অর্থবছরে শুকনা ও অন্যান্য খাবার ক্রয় খাতে ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা বরাদ্দ রয়েছে। ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। কেন্দ্রীয় মজুত হিসেবে ৭১৫ বস্তা/ব্যাগ শুকনা ও অন্যান্য খাবার অবশিষ্ট রয়েছে।<br>২০২৬-২০২৭ অর্থবছরে তাঁবু ক্রয় খাতে ৫.০০ (পাঁচ) কোটি টাকা বরাদ্দ রয়েছে।<br>এছাড়াও কেন্দ্রীয় মজুত হিসেবে মশারি ২,১০০ পিস, বডি ব্যাগ ৫,০০০টি এবং ইমার্জেন্সী প্রিপেয়ার্ডনেস কীটস ১০০ ব্যাগ মজুত রয়েছে।<br>খ) এছাড়াও তিনি জানান, লালমনিরহাট জেলায় ০২টি উদ্ধারকারী নৌযান পানির নিচে ডুবে আছে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট এর সাথে এ বিষয়ে যোগাযোগ হয়েছে। তিনি জানান, নৌযান উত্তোলনের আনুসাঙ্গিক খরচ অনেক। বাজেটে টাকা না থাকায় নৌযান ০২টি উত্তোলন করা যাচ্ছে না। সভাপতি মহোদয় সভায় জানতে চান বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক নৌযান ০২টি উঠানো সম্ভব কিনা? এছাড়াও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কোন খাতে অতিরিক্ত বাজেট রয়েছে কিনা? এ প্রেক্ষিতে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় জানান, প্রয়োজনে বিবিধ (আনুসাঙ্গিক) খাত হতে বরাদ্দ প্রদান করা যায়। এছাড়া সভার অন্যান্য সদস্যরা সভায় জানান, প্রতিটি জেলায় উদ্ধারকারী নৌযান রক্ষণাবেক্ষণ (Maintenance) খরচ দেয়া হয় তাহলে নৌযানসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ করা যেতো।<br>গ) উপপরিচালক (ত্রাণ-১) সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মোহাজের সম্পত্তির মালিকানা রেকর্ড বা বৈধ কাগজপত্রসহ মামলা (LA case) নম্বর ও অন্যান্য তথ্য সংগ্রহের লক্ষ্যে ০৪ সদস্য বিশিষ্ট কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে 'মোহাজের সেল' গঠন করা হয়। কিন্তু এখনও পর্যন্ত মামলা (LA case) নম্বর ও অন্যান্য তথ্য সংগ্রহ করা হয়নি। মামলা (LA case) নম্বর ও অন্যান্য তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | (ক) জেলা হতে প্রতি মাসে ত্রাণ সামগ্রী মজুদের প্রতিবেদন সংগ্রহ করতে হবে এবং ২০২৬-২০২৭ অর্থবছরে ঢেউটিন, কম্বল এবং শুকনা ও অন্যান্য খাবার দ্রুত ক্রয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(খ) জেলায় উদ্ধারকারী নৌযান রক্ষণাবেক্ষণ (Maintenance) বাবদ অর্থ বরাদ্দের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে চাহিদা পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ জেলা হতে মোহাজের সম্পত্তির মালিকানা রেকর্ড বা বৈধ কাগজপত্রসহ মামলা (LA case) নম্বর ও অন্যান্য তথ্য দ্রুত সংগ্রহ করবেন, ডাটাবেজ প্রস্তুত করবে। | পরিচালক (ত্রাণ)<br>উপপরিচালক (ত্রাণ-১/২) |

| | | |
|---|---|---|
| **১৩. এমআইএম অনুবিভাগের কার্যক্রমঃ** | | |
| সভাপতি এমআইএম অনুবিভাগের জুলাই, ২০২৬ মাসের কার্যক্রম সম্পর্কে জানতে চান। সে প্রেক্ষিতে, পরিচালক (এমআইএম) সভায় জানান,<br>ক) ইমার্জেন্সি অপারেশনাল ড্যাসবোর্ড (ইওডি) প্ল্যাটফর্মে বেইজলাইন ডাটাসহ এসওএস ও ডি-ফরমের মাধ্যমে খুব সহজে ও নির্ভুলভাবে দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা যায়। ইতোমধ্যে ২৩ (তেইশ) টি জেলায় আড়াই দিনের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং অবশিষ্ট জেলায় অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ১৪টি জেলা হতে ইওডি এর মাধ্যমে বেইজ লাইন ডাটা পাওয়া গিয়েছে।<br>খ) প্রক্রিউরমেন্ট প্লান অনুমোদন করা হয়েছে। প্রক্রিউরমেন্ট প্লান অনুযায়ী কার্যক্রম শুরু করা হয়েছে।<br>গ) ভারী বর্ষণজনিত বন্যায় আক্রান্ত ৭টি জেলার মধ্যে এ পর্যন্ত শুধুমাত্র হবিগঞ্জ জেলা থেকে ইওডির মাধ্যমে D-Form-এ দুর্যোগজনিত ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া গেছে। অন্যান্য জেলা/উপজেলা থেকে তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, D-Form-এর সঙ্গে বিভিন্ন দপ্তর/সংস্থার ব্যবহৃত রিপোর্টিং ফরমেটের অসামঞ্জস্যের কারণে তথ্য প্রাপ্তিতে সমস্যা ও বিলম্ব হচ্ছে। এ সমস্যা নিরসনের লক্ষ্যে তথ্য প্রদানকারী দপ্তর সমূহের রিপোর্টিং ফরমেট সংগ্রহ করে D-Form-এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে একটি সহজ, সমন্বিত ও অর্থপূর্ণ ফরমেট প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ঘ) আইভিআর (IVR) ব্যবস্থার মাধ্যমে বর্তমানে একযোগে ২০,০০০টি কল প্রদান করা সম্ভব। তিনি আরও জানান, এ সেবার কার্যক্রম অব্যাহত রাখতে টেলিটকের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) নবায়নের বিষয়ে অগ্রগতি হয়েছে এবং এ লক্ষ্যে টেলিটক কর্তৃপক্ষের সঙ্গে সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, বিদ্যমান MoU-এর মেয়াদ ২০২০ সালে শেষ হয়ে যায়। এর মেয়াদ ২০২০-২০৩০ সাল পর্যন্ত বর্ধিত করার কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।<br>ঙ) বিভিন্ন ব্যক্তি, সংস্থা এবং বাংলাদেশ সেনাবাহিনী প্রায়ই দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিকট থেকে বিভিন্ন ধরনের দুর্যোগ বিষয়ক তথ্য-উপাত্ত (ডাটা) চেয়ে থাকে। এ ধরনের তথ্য শেয়ার করার পূর্বে তা যথাযথভাবে যাচাই-বাছাই করে নির্ভুলতা নিশ্চিত করে তথ্য প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>চ) অধিদপ্তরের ওয়েবসাইট নির্ভুলভাবে হালনাগাদ রাখা এবং জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন সব সময় আপডেট রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ক) ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড এ বেইজ লাইন ডাটা হালনাগাদ এবং অন্যান্য সফটওয়ার তৈরী বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে এবং অবশিষ্ট জেলায় ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>খ) প্রক্রিউরমেন্ট প্লান অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>গ) যে সকল জেলা হতে এখনও D-Form এ দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি সে জেলাগুলো হতে দ্রুত D-Form এ তথ্য সংগ্রহ করতে হবে এবং তথ্য প্রদানকারী দপ্তর সমূহের রিপোর্টিং ফরমেট সংগ্রহের জন্য পত্র দিতে হবে।<br>ঘ) দুর্যোগ সংক্রান্ত সতর্কবার্তা জনগণের নিকট পৌঁছে দেয়ার নিমিত্ত ১০৯০ নম্বরে ফ্রিতে ভয়েজ কল সেবা কার্যক্রম সকল জেলায় অব্যাহত রাখার জন্য MOU নবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>ঙ) অধিদপ্তরের নির্ধারিত অনুমোদন ও প্রক্রিয়া অনুসরণ করে যথাযথভাবে যাচাই-বাছাই করে নির্ভুলতা নিশ্চিত করে তথ্য প্রদান করতে হবে।<br>চ) জেলা/ উপজেলা হতে তথ্য সংগ্রহ করে অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/ প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা বিভাগওয়ারী ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ জন্য বদলির কপি/ অনুলিপি প্রশাসন অনুবিভাগ থেকে তাৎক্ষণিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে। | পরিচালক (প্রশাসন/ এমআইএম)/ উপপরিচালক (এমআইএম) ও প্রোগ্রামার |
| **১৪.পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রমঃ** | | |
| (ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। আরএডিপিতে বরাদ্দ : ২২৩১৯০.৫৯ লক্ষ টাকা, জিওবি : ১৮৩০৮৭.৬৩ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য : ৪০১০২.৯৬ লক্ষ টাকা, জুন ২০২৬ পর্যন্ত ব্যয় : ১৫৫৫০৬.০১ লক্ষ টাকা, জিওবি : ১২৫৮৭২.৪৯ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ২৯৬৩৩.৫২ লক্ষ টাকা অধিদপ্তরের এডিপি বাস্তবায়নের হার: আর্থিক: ৭০%, বাস্তব : ৭৫%।<br>খ) এছাড়াও তিনি পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অননুমোদিত সবুজপাতায় অন্তর্ভূক্ত ও প্রস্তুতকৃত ০৮টি ডিপিপি প্রণয়ন সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করেন। এছাড়া BCDP হতে ০৩টি প্রকল্প প্রস্তাব প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে, সেই আলোকে ০৩টি ডিপিপি প্রনয়ণ কমিটি গঠন করা হয়েছে। BCDP এর আওতায় ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন।<br>গ) উপপরিচালক (প্রশমন) সভায় জানান যে, বজ্রপাত সহ অন্যান্য দুর্যোগে আগাম সতর্কবার্তা জনসাধারণের মাঝে প্রচারের জন্য সকল জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, সিটি কর্পোরেশন বরাবর পত্র দেয়া হয়েছে।<br>ঘ) SOD এর আলোকে কমিটি সমূহ হালনাগাদ কার্যক্রম গ্রহণ করা বিষয়ে আলোচনা হয়। | খ) যথাসময়ে ডিপিপি পুনঃগঠনপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সবুজপাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে ডিপিপি অনুমোদন প্রক্রিয়া দ্রুত শেষ করতে হবে। BCDP এর আওতায় দ্রুত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>গ) জনসাধারণের মাঝে জনসচেতনতা বৃদ্ধির জন্য বজ্রপাত সহ অন্যান্য দুর্যোগে আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সমূহ হালনাগাদ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |



CamScanner

| | | |
|---|---|---|
| **১৫. GPMS বিষয়ে আলোচনাঃ** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) বাস্তবায়নের লক্ষ্যে খসড়া প্রস্তুতের নিমিত্ত শাখা/প্রকল্প সমূহের কার্যক্রমের ৩ বছরের খসড়া আবর্তক পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত স্ব স্ব অনুবিভাগ/শাখা/প্রকল্পের প্রস্তাবিত কার্যক্রম সমূহের লক্ষ্যমাত্রা (জেলাওয়ারী বিভাজনসহ) জিপিএমএস প্রতিবেদন এই অধিদপ্তরের সকল উইং/শাখা হতে তথ্য সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | জিপিএমএস এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১০ই অক্টোবর এর মধ্যে এই অধিদপ্তরের সকল উইং/শাখা হতে সংগ্রহ করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | GPMS টিমলিডার (পরিচালক গবেষণা ও প্রশিক্ষণ) |
| **১৬. গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রমঃ** | | |
| (ক) প্রশিক্ষণ অধিশাখা: ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত GPMS কর্মপরিকল্পনা এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়াও বুনিয়াদি প্রশিক্ষণ, জেলা/উপজেলাসমূহে SOD প্রশিক্ষণ, টিআর-কাবিখা, বিভাগীয় অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত, বিভিন্ন প্রকল্পের প্রি-ওয়ার্ক/পোস্ট ওয়ার্ক, Feasibility Study, ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ, GIS, EGPP, DPP প্রণয়ন, PPR, e-GP, ভূমিকম্প ও ল্যান্ড স্লাইড, Warehouse Management, অগ্নি নির্বাপণ, খাল খনন কর্মসূচি বিষয়ক প্রশিক্ষণসহ বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে বর্ণিত ১ (এক) লক্ষ স্বেচ্ছাসেবক প্রস্তুতকরণের লক্ষ্যে বিভিন্ন দুর্যোগ পরবর্তী অনুসন্ধান, উদ্ধার ও মানবিক সহায়তায় অগ্রণী ভূমিকা পালনের নিমিত্ত দক্ষ স্বেচ্ছাসেবক তৈরির লক্ষ্যে কলেজ শিক্ষকদের ToT প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(খ) গবেষণা অধিশাখাঃ ২০২৬-২০২৭ অর্থ বছরে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের (SOD) আলোকে জরুরি সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের বিষয়ে ও বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করার বিষয়ে আলোচনা। | (ক) ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত GPMS কর্মপরিকল্পনা এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে বুনিয়াদি প্রশিক্ষণ (কর্মকর্তা), জেলা/উপজেলাসমূহে SOD প্রশিক্ষণ (দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য), টিআর-কাবিখা, বিভাগীয় অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত, বিভিন্ন প্রকল্পের প্রি-ওয়ার্ক/পোস্ট ওয়ার্ক, Feasibility Study, ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ, GIS, EGPP, DPP প্রণয়ন, PPR, e-GP, ভূমিকম্প ও ল্যান্ড স্লাইড, Warehouse Management, অগ্নি নির্বাপণ, খাল খনন কর্মসূচি বিষয়ক প্রশিক্ষণসহ বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে বর্ণিত ১ (এক) লক্ষ স্বেচ্ছাসেবক প্রস্তুতকরণের লক্ষ্যে বিভিন্ন দুর্যোগ পরবর্তী অনুসন্ধান, উদ্ধার ও মানবিক সহায়তায় অগ্রণী ভূমিকা পালনের নিমিত্ত দক্ষ স্বেচ্ছাসেবক তৈরির লক্ষ্যে কলেজ শিক্ষকদের ToT প্রশিক্ষণ আয়োজন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) গবেষণা অধিশাখাঃ ২০২৬-২০২৭ অর্থ বছরে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের (SOD) আলোকে জরুরি সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসের উপায় নির্ধারণসহ নতুন নতুন আইডিয়া উদ্ভাবনে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/ উপপরিচালক (প্রশিক্ষণ) |
| **১৭. বিবিধঃ** | | |
| ক) জ্বালানি সাশ্রয় করার জন্য প্রয়োজন ছাড়া সরকারি গাড়ি ব্যবহার না করার বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০ টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে উপস্থিতি/অবস্থান করার বিষয়ে আলোচনা হয়।<br>গ) বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে সভায় সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়।<br>ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার বিষয়ে আলোচনা।<br>ঙ) প্রাপ্যতা অনুযায়ী অধিদপ্তরের সকল কর্মকর্তাদের টেলিফোন স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ক) জ্বালানি সাশ্রয় করার জন্য প্রয়োজন ছাড়া সরকারি গাড়ি ব্যবহার না করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>খ) এ অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণকে সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে উপস্থিতি/অবস্থান নিশ্চিত করতে হবে।<br>গ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারীগণ স্ব-স্ব অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করবেন। অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করবেন। অফিস সময়/শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ নিশ্চিত করবেন।<br>ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস সর্তকর্তার সাথে ব্যবহার করতে হবে।<br>ঙ) প্রাপ্যতা অনুযায়ী অধিদপ্তরের সকল কর্মকর্তাদের অতি দ্রুত টেলিফোন স্থাপনের ব্যবস্থা করতে হবে। | (ক), (খ), (গ) ও (ঘ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী<br>ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তা |



CS CamScanner

| | | |
|---|---|---|
| চ) কোন কর্মকর্তা জেলা/উপজেলা পরিদর্শন বা অন্য কোন অফিসিয়াল কাজে ফিল্ডে গেলে পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালককে যেন বলে যায় সে বিষয়েও সভায় আলোচনা হয়। | চ) কোন কর্মকর্তা জেলা/উপজেলা পরিদর্শন বা অন্য কোন অফিসিয়াল কাজে ফিল্ডে গেলে পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালককে অবগত করে যেতে হবে। | (চ) ও (ছ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ছ) জাতীয় সংসদের প্রশ্নোত্তরের জবাব বিষয়ে আলোচনা করা হয়। | ছ) সর্বোর্চ্চ অগ্রাধিকার দিয়ে জাতীয় সংসদের প্রশ্নোত্তরের জবাব প্রেরণ করতে হবে। | |
| জ) অত্র অধিদপ্তরের লেভেল-২ (৩য় তলা) এ মহিলা বাথরুমে এডজাস্ট ফ্যান স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | জ) অত্র অধিদপ্তরের লেভেল-২ (৩য় তলা) এ মহিলা বাথরুমে এডজাস্ট ফ্যান স্থাপনের ব্যবস্থা করতে হবে। | (জ) সহকারী প্রকৌশলী (কাবিখা) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮-০৮-২৬

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ৫৮৮১৫৪৯৫
e-mail: dg@ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০০০.০০৩.০৬.০০৪৩.২৪. ৮৪৭

তারিখ: ১৮ .০৮.২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক .............................., (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক ................................ (সকল)।
০৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক, ,........................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, .................................................. (সকল)।
০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মাসিক সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। সহকারী পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৮। সহকারী প্রকৌশলী/ পিআইও (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৯। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণ গুদাম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১। কম্পিউটার অপারেটর/ হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী ................................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। অফিস কপি।

(তাসনুভা নাশতারান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২২৬১৩৬০

C:\Users\HP\Downloads\July 2026 Resolution (1).docx

CamScanner